

১৫/১/১৭

15 JAN 2017

ময়মনসিংহ বিভাগকে শিক্ষা বোর্ডের অনুমোদন

■ ময়মনসিংহ প্রতিনিধি

বিভাগে উন্নীত হবার পর ময়মনসিংহে এবার দেশের ১১তম শিক্ষা বোর্ডের অনুমোদন মিলেছে। ময়মনসিংহ বিভাগীয় কমিশনার জি. এম. সালেহ উদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেছেন। নবম থেকে একাদশ শ্রেণিতে রেজিস্ট্রেশনের মধ্যে দিয়ে শুরু হবে বোর্ডের প্রাথমিক কাজ।

বিভাগীয় কমিশনার জানান, গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রী এ শিক্ষা বোর্ডের অনুমোদন দেন। ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলা এ বোর্ডের অধীনে থাকবে। তিনি আরো জানান, যেহেতু শিক্ষা বোর্ডের স্থায়ী ভবন নেই, তাই অস্থায়ী ভবনে ভাড়া করা বাড়িতে ৩ মাসের মধ্যে এর কার্যক্রম শুরু হবে। শিক্ষা বোর্ডের জন্য জনবল নিয়োগ করতে হবে। আপাতত আমরা ঢাকা শিক্ষা বোর্ড থেকে জনবল নিয়োগ করা শুরু করবো।

বিভাগীয় কমিশনার জানান, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের মূল ভবন হবে রক্ষপুত্র নদের ওপারে, এজন্য পাঁচ একর জায়গা নির্ধারণ করা আছে। ময়মনসিংহকে শিক্ষানগরী বলা হলেও শিক্ষা বোর্ড না থাকায় এটি অপরিপূর্ণ ছিল। বোর্ড হওয়ায় এ বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন।